# সেবা সহজীকরণ প্রস্তাবনা

(উপজেলা দপ্তর)

১।সেবা প্রোফাইল

**ক) সেবার নাম:** সমবায় সমিতির ধার্যকৃত নিরীক্ষা ফি ও সিডিএফ ফি মোবাইল এর মাধ্যমে পরিশোধ **নিশ্চিতকরণ।**

**খ) সেবার বর্ণনা ওস হজিকরণের যৌক্তিকতা:**প্রতি বছর সমবায় সমিতির নিরীক্ষা কার্য সম্পাদন করার পর নীট লাভের যে পরিমাণ নিরীক্ষা ফি ও সিডিএফ ফি ধার্য করা হয় তা সমিতি কর্তৃপক্ষ সমবায় অধিদপ্তর কর্তৃক নির্ধারিত তপশিল ব্যাংকের মাধ্যমে পরিশোধ করে থাকে যা অনেক সময় জমা প্রদান করা হয় না ফলে নির্ধারিত ফি অনাদায়ী থেকে যায়। যার ফলে সমবায় অধিদপ্তরের মান ক্ষুন্ন হয় ও সরকারের রাজস্ব আদায় ব্যহত হয়। বর্তমান প্রেক্ষাপটে ধার্যকৃত টাকা যদি মোবাইল এর মাধ্যমে পরিশোধ করার ব্যবস্থা গ্রহণ করা হয় তাহলে সমবায়দের সময় ও ভোগান্তি উভয় লাঘব হবে।

**গ) সেবা প্রাপ্তির মৌলিক তথ্যাদি:**

| ক্র.নং | বিষয় | তথ্যাদি |
|---|---|---|
| ১. | সেবা প্রদানকারী অফিস | জেলা সমবায় কার্যালয় ও অধীনস্ত উপজেলা সমবায় কার্যালয় সমূহ। |
| ২. | সেবার সংক্ষিপ্ত বিবরণ | ধার্যকৃত ফি আদায় ও জমা প্রাদান করা সময় মত হচ্ছে কিনা তা সাধারণ উপজেলা সমবায় অফিস তদারকি করে থাকে। অনেক সময় সমিতির কর্তৃপক্ষ পরিশোধ করলেও দায়িত্ব প্রাপ্ত অফিসারগণ তা জমা প্রদান করার ক্ষেত্রে সময় ক্ষেপন করে থাকেন। আবার অনেক উপজেলা পর্যায়ে নিদ্দিষ্ট ব্যাংকের শাখা না থাকায় সমবায়ীদের ভোগান্তি হয়। ফলে মোবাইলের মাধ্যমে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হলে সেবা সহজিকরনের পাশাপাশি সেবার গুনগতমান বৃদ্ধি পাবে। |
| ৩. | বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা | নিবন্ধিত সকল সমবায় সমিতি |
| ৪. | সেবা প্রাপ্তির শর্তাবলি | বিনা শর্তে |
| ৫. | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী | উপজেলা সমবায় অফিসার ও সহকারী পরিদর্শকগণ। |
| ৬. | সেবা প্রাপ্তির সময় | সব সময়। |
| ৭. | সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র | স্থানীয় অফিসকর্তৃক সরবরাহ নিদ্দিষ্ট নম্বর। |
| ৮. | সেবা প্রাপ্তির জন্য খরচ | নির্ধারিত চার্জ। |
| ৯. | সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা | প্রয়োজন নেই। |
| ১০. | সংশ্লিষ্টআইন/বিধি/নীতিমালার তালিকা | প্রযোজ্য নয়। |
| ১১. | সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা, পদবি, ইমেইল ও ফোন | উপজেলা সমবায় অফিসার। |

২।বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ:

সমবায় সমিতির ধার্যকৃত নিরীক্ষা ফি ও সিডিএফ ফি মোবাইল এর মাধ্যমে পরিশোধকরন।

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | সময় | সম্পৃক্তব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | ব্যাংকে জমা প্রদান সময় ও ব্যয় সাপেক্ষ | সবসময় | সমবায় সমিতির সদস্য ও উপজেলা সমবায় কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ। |
| | অডিট অফিসারগণকে জমা প্রদান করলে তার তার প্রমাণক প্রদান করা হয় না। | সবসময় | |
| | নির্দিষ্ট ব্যাংকের শাখা অফিস না থাকায় জমা প্রদান করা সম্ভব হয় না | সবসময় | |
| | ব্যাংক ছুটির দিন জমা প্রদান করা সম্ভব হয় না | সবসময় | |

৩।প্রস্তাবিত সেবা পদ্ধতি:

| সেবাপ্রদানের ধাপ | কার্যক্রম | সময়(দিন/ঘন্টা/মিনিট) | সম্পৃক্তব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | ধাযকৃত টাকার পরিমাণ ও পরিশোধের সময়সীমা যথাযথ কর্তৃপক্ষকে মোবাইলের মাধ্যমে অবহিত করা । | সব সময় | সমিতির দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| | সমবায় অধিদপ্তর কর্তৃক পরিশোধ করণের প্রাপ্তি স্বীকার প্রেরণ। | সব সময় | |
| | উপজেলা সমবায় অফিসকে পরিশোধ করনের প্রাপ্তি স্বীকার প্রেরন। | | |

৪।তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপ ভিত্তিক তুলনা):

| বিদ্যমান | | প্রস্তাবিত | |
|---|---|---|---|
| সেবারধাপ | কার্যক্রম | সেবারধাপ | কার্যক্রম |
| ধাপ-১ | সময়মত জমা প্রদান করা হয় না | ধাপ-১ | সময়মত জমা প্রদান নিশ্চিত হবে। |
| | অডিট অফিসারগণকে জমা প্রদান করলে তার তার প্রমাণক প্রদান করা হয় না। | | প্রমাণক নিশ্চিতকরন সম্ভব হবে। |
| | নির্দিষ্ট ব্যাংকের শাখা অফিস না থাকায় জমা প্রদান করা সম্ভব হয় | | মোবাইলের মাধ্যমে প্রদান করার ফলে ব্যাংকের প্রয়োজন হয় না। |
| | ব্যাংক ছুটির দিন জমা প্রদান করা সম্ভব হয় না | | মোবাইলের মাধ্যমে যে কোন সময় জমা প্রদান করা সম্ভব। |

৫। প্রস্তাবিত ও বিদ্যমান পদ্ধতির তুলনামূলক বিবরণ পদ্ধতি

| ক্র. | সমস্যার শ্রেণি | বিদ্যমান পদ্ধতির সমস্যা | প্রস্তাবিত পদ্ধতির বর্ণনা | যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| ১. | নির্ধারিত ফরম প্রয়োজন | আছে | নেই | |
| ২. | সেবা সহজিকরণে ঝুঁকি | ~~নেই~~ আছে | নেই | |
| ৩. | মধ্য স্বত্বভোগী | ~~নেই~~ আছে | নেই | |
| ৪. | একাধিক সংস্থার সংশ্লিষ্টতা | নেই | নেই | |
| ৫. | আইন/বিধি/প্রজ্ঞাপন ইত্যাদি | নেই | নেই | |
| ৬. | অবকাঠামো | নেই | নেই | |
| ৭. | রেকর্ড/ তথ্য-উপাত্ত সংরক্ষণ | কঠিন | সহজ | |
| ৮. | অন্যান্য | নেই | নেই | |

৬। TCV (Time, Cost & Visit) অনুসারেবিদ্যমানওপ্রস্তাবিতপদ্ধতিরতুলনা:

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ~~[illegible]~~ ১০-১২ দিন | ৪-৫ মি: |
| যাতায়াত | নিজ খরচে ৮০০ | ~~[illegible]~~ ৬-৫০ টাকা |
| ধাপ | ৪ | ১/২ |
| দাখিলীয় কাগজপত্র | নির্ধারিত ফরমে [illegible] | ~~প্রয়োজন [illegible]~~। কোন কাগজপত্র প্রয়োজন নেই |
| গুণগতমানোন্নয়ন/q% | ৫০% | ১০০% |

**৭।বাস্তবায়ন কৌশল:** মোবাইলোর মাধ্যমে জমা প্রদানের সিস্টেম সংযুক্তকরনের মাধ্যমে সমিতির সদস্যদের প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধি করতে হবে ।

**৮।বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা:**

| কার্যক্রম | সময় |
|---|---|
| প্রস্তাব চূড়ান্তকরণ | ০৩/০৩/২০২৫ |
| সেবা সহজিকরণ জিও জারি | ৩০ জুন ২০২৫ |
| বাস্তবায়ন শুরু | ২০২৪-২০২৫ অর্থবছর |

**০৯।বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ: সমবায় অধিদপ্তরের বাজেট।**

**১০।বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ:**

০১। মোবাইলোর মাধ্যমে জমা প্রদানের সিস্টেম সংযুক্তকরণ।

০২। ভ্যাট প্রদান করার পদ্ধতি ।

০৩। সকল সমিতির সদস্যদের প্রযুক্তিগত জ্ঞান না থাকা।

**১১।চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত ব্যবস্থাদি:**

০১। সমবায় অধিপ্দতর কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা ।

০২। সমবায়ীদের প্রযুক্তিগত প্রশিক্ষণ প্রদান করা।

উপজেলা সমবায় কার্যালয়, রাণীনগর, নওগাঁ